

## চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING &amp; FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৪/২০১৭

তারিখঃ ২৭/০৩/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গত ১৪/০৩/২০১৭খ্রিঃ তারিখে কাস্টম হাউস, চট্টগ্রাম ও এর স্টেক হোল্ডারগণের মধ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণীতে উল্লেখকৃত সিদ্ধান্তগুলির মধ্যে প্রয়োজ্য অংশসমূহ সকল সম্মানিত সদস্য/সদস্যদের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

www.che.gov.bd

নথি নং-২/রাজস্ব/যোগাযোগ/১৫/অংশ-১/৪১৪৯()কাস

তারিখঃ ২১/০৩/২০১৭খ্রিঃ

বিষয়ঃ কাস্টম হাউস, চট্টগ্রাম এর সাথে স্টেকহোল্ডারগণের মতবিনিময় সভা।

সভাপতি : জনাব এ এফ এম আবদুল্লাহ খান

কমিশনার অব কাস্টমস।

স্থান : “সমৃদ্ধি” সম্মেলন কক্ষ,

কাস্টম হাউস, চট্টগ্রাম।

তারিখ : ১৪ মার্চ, ২০১৭খ্রিঃ।

সময় : বিকাল ৫.৩০ঘটিকা।

কাস্টম হাউস, চট্টগ্রাম ও এর স্টেক হোল্ডারগণের মধ্যে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিশনার অব কাস্টমস, চট্টগ্রাম। সভায় অংশগ্রহণ করেন- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চিটাগাং কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন, বিকড়া, বাফা ও কাস্টম হাউস, চট্টগ্রামের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। সভার আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/ সংস্থা
০১	শিপিং এজেন্ট কর্তৃক নিয়ম বহির্ভূত বিভিন্ন চার্জগ্রহণ।	ফ্রেইট চার্জ গ্রহণের ক্ষেত্রে Prepaid অথবা freight collect উল্লেখ থাকলে, নতুন কোন চার্জ আদায় করা যাবে না। CPA'র সার্কুলার-০২/০৭ তারিখঃ ১৬/০৫/২০০৭ ও ফ্রেইট ফরোয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ সকল পক্ষ প্রতিপালন করবেন।	শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন
০২	পণ্যবাহী জাহাজ বার্ষিকের পর Common Landing এর সময় নির্ধারণ।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক) এর Tariff এর বিধান মোতাবেক সর্বশেষ কন্টেইনার ল্যান্ডিং থেকে Common Landing ধরা হবে।	চবক ও শিপিং এজেন্ট এসোসিয়েশন
০৩	IGM সংশোধনের সুবিধার্থে কাস্টমসের সাথে সংশ্লিষ্ট ফ্রেইট ফরোয়ার্ডার্স ও শিপিং এজেন্টসের Revolving Account থাকা।	কাস্টম হাউস এর সাথে যে সকল শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট এর Revolving Account নাই, তারা এ বিষয়ে ৩১ মার্চ/১৭ এর মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। উক্ত Account -এ পর্যাপ্ত balance থাকতে হবে।	শিপিং এজেন্টস ও ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট এসোসিয়েশন/লাইসেন্স শাখা
০৪	পণ্য খালাসের ক্ষেত্রে ফ্রেইট ফরোয়ার্ডার্স কর্তৃক ডিও ইস্যুকরণ।	কোন পণ্য চালানের বিপরীতে একাধিক ফ্রেইট ফরোয়ার্ডার্স জড়িত থাকলেও শুধুমাত্র যিনি IGM সাবমিট করবেন, তিনিই ডি.ও. ইস্যু করবেন। লাইসেন্স বিহীন কোন ফ্রেইট ফরোয়ার্ডার্স কার্যক্রম পরিচালনা করতে পারবেন না।	ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট এসোসিয়েশন
০৫	সপ্তাহে শনিবার ৯.০০-৫.০০ ঘটিকা পর্যন্ত শিপিং এজেন্ট অফিস খোলা রাখা প্রসঙ্গে।	কাস্টমস ও বন্দরের ইতোপূর্বকার আদেশ মোতাবেক অফিস খোলা রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে।	শিপিং এজেন্ট এসোসিয়েশন
১১	অফডকগামী ৩৭টি পণ্য বন্দর হতে সরাসরি খালাস গ্রহণ।	৩১ মার্চ পর্যন্ত এ সময় প্রদান করা যেতে পারে। ইতোমধ্যে বন্দর কর্তৃপক্ষ অফডকসমূহের সাথে যৌথ সভা করে একটি সমাধান বের করতে পারে।	বন্দর, বিকড়া ও কাস্টমস

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল্লাহ খান)

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম।